দৈনিক ইনকিলাব

তারিখ 04 JAN 1989
পৃষ্ঠা ৪ কলাম ৬

১৩৫

৩১

পথ কলি-১ ও ২ উদ্বোধন

## শিশুদের গড়ে তোলার দায়িত্ব সমাজ ও জাতির

—এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল ধোলাইখাল ও ফতুল্লায় গরীব শ্রমজীবী শিশুদের জন্য নির্মিত দু'টি প্রাথমিক বিদ্যালয় উদ্বোধন করেন। খবর বাসস'র।

ধোলাইখালস্থ বিদ্যালয়টির নাম রাখা হয়েছে "পথ কলি-১ঃ ধোলাইখাল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়" এবং ফতুল্লাস্থ বিদ্যালয়টির নাম রাখা হয়েছে "পথ কলি-২ঃ ফতুল্লা শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়"।

এ উপলক্ষে ভাষণদানকালে প্রেসিডেন্ট বলেন, অভিভাবকদের দারিদ্র্যের কারণে যেসব শিশু কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা নির্বাহ করছে তাদেরকে শিক্ষার সুযোগ দানের জন্য এ বিদ্যালয় দু'টো স্থাপিত হয়েছে। তিনি বলেন, ধোলাইখালের বিভিন্ন কারখানায় কর্মরত এবং ফতুল্লায় ইট-পাথর ভাঙার কাজে নিয়োজিত শিশুরা তাদের কর্মস্থলে যাওয়ার আগে এক ঘন্টা সময় এই বিদ্যালয়ে লেখাপড়া করবে।

তিনি বলেন, এসব প্রস্ফুটোন্মুখ শিশু জাতির সম্পদ এবং এদের বিকশিত হওয়ার কাজে সহায়তা করার দায়িত্ব সমাজ ও জাতির।

তিনি বলেন, দেশের আইনে শিশু শ্রম অবৈধ এবং শাস্তিযোগ্য অপরাধ। কিন্তু দারিদ্র্যের কারণে তারা বাধ্য হয়ে কাজ করছে।